ত্রৈমাসিক বুলেটিন

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ: ০৪ | সংখ্যা : ১৬ | বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ | মে ২০২৩ খ্রি.

## ডিপিডিসিতে “এম্পাওয়ারিং বাংলাদেশ” শীর্ষক প্রকাশনার মোড়ক উন্মোচন




*বিদ্যুৎ খাতে গত এক দশকে বাংলাদেশের অর্জন বিষয়ক “এম্পাওয়ারিং বাংলাদেশ” শীর্ষক প্রকাশনার মোড়ক উন্মোচন*

গত ৩০ মার্চ ২০২৩ তারিখে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে 'ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স বাংলাদেশ' (এফইআরবি) এর আয়োজনে বিদ্যুৎ খাতে গত এক দশকে বাংলাদেশের অর্জন বিষয়ে “এম্পাওয়ারিং বাংলাদেশ” শীর্ষক একটি প্রকাশনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীরবিক্রম প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বৈশ্বিক প্রেক্ষাপটে বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের অবস্থান ব্যাখ্যা করে বলেন, 'সরকার বিদ্যুৎ কেন্দ্রগুলোতে গ্যাসের সরবরাহ বাড়িয়েছে যা বিদ্যুতের চাহিদা মেটাতে সহায়তা করছে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতি সামনের দিনে জ্বালানির বৈশ্বিক বাজারে প্রভাব না ফেললে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি ভালো থাকবে'।

তিনি আরো বলেন, 'দেশের সবাইকে বিদ্যুৎ দেওয়ার সক্ষমতা তৈরি হয়েছে আমাদের। কিন্তু জ্বালানি স্বল্পতা ও অন্যান্য কারণে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে মাঝেমধ্যে সমস্যা হয়। কিছুদিন আগে ডলারের বাজার কিছুটা ভারসাম্যহীন হয়ে পড়েছিল। এখন আমাদের এক্সপোর্ট বাড়ছে, রেমিট্যান্স বাড়ছে। ডলার সংকট আস্তে আস্তে কাটিয়ে উঠছি। জ্বালানি আমদানিতে তেমন সমস্যা হবে না আশা করছি। জ্বালানি খাতের গবেষণার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, হাইব্রিড কুকিং নিয়ে গবেষণা চলছে। এতে ফলাফল ভালো, খরচও কম। আমরা আগামী ২০-৩০ বছর পরে হাইব্রিড কুকিংয়ে যেতে পারি।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান উক্ত অনুষ্ঠানে বিদ্যুৎ খাতে ডিপিডিসি'র অবস্থান ও অবদান তুলে ধরেন। তিনি আরো বলেন, এ ধরনের অনুষ্ঠান বেশি আয়োজিত হওয়া উচিত; অনুষ্ঠান আয়োজিত হলে গণমাধ্যমের সাথে আমাদের যোগাযোগ বৃদ্ধি পায়।

এফইআরবি-এর চেয়ারম্যান শামীম জাহাঙ্গীরের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাওয়ার সেলের মহাপরিচালক মোহাম্মদ হোসাইন, ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক কাওসার আমির আলীসহ ডিপিডিসি'র উর্ধতন কর্মকর্তা ও বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ। অনুষ্ঠান পরিচালনা করেন এফইআরবি'র নির্বাহী পরিচালক রিশান নাসরুল্লাহ।

## মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সাথে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালকের সৌজন্য সাক্ষাৎ



*মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এম.পি-এর সাথে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এর সৌজন্য সাক্ষাৎ*

গত ১৯ জানুয়ারি ২০২৩ তারিখে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান হাতিরঝিলে আন্ডারগ্রাউন্ড ক্যাবল স্থাপনের উদ্দেশ্যে রাস্তা খননের অনুমতির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এম.পি-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ব্যবস্থাপনা পরিচালক মাননীয় মন্ত্রীকে মুজিববর্ষ উপলক্ষে ডিপিডিসি'র বিশেষ প্রকাশনা **'অপরাজেয়'** এর একটি কপি উপহার হিসেবে প্রদান করেন।




*ডিপিডিসি'তে নারী দিবস ২০২৩ উদযাপন*

## আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে 'বাংলাদেশের পঞ্চাশ: সাহিত্য ও নারী' শীর্ষক আলোচনা সভা

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে 'বাংলাদেশের পঞ্চাশ: সাহিত্য ও নারী' শীর্ষক একটি আলোচনা সভা গত ১৫ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের সভাপতিত্বে অনুষ্ঠিত অলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কথাসাহিত্যিক ও বাংলা একাডেমির চেয়ারম্যান সেলিনা হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুনীরা সুলতানা, এনডিসি, চেয়ারম্যান, স্রেডা। অনুষ্ঠানে আলোচকগণ বাংলা সাহিত্যে নারীর অবদান বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

নারী দিবস উপলক্ষে ডিপিডিসি'তে কর্মরত নারী এমপ্লয়িদের মধ্য হতে সার্বিক মূল্যায়নে মাহফুজা রহমান, ডেপুটি ম্যানেজার (আইসিটি) কে সেরা নারী এমপ্লয়ি হিসেবে পুরস্কৃত করা হয়। উক্ত অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং নারী এমপ্লয়িগণ উপস্থিত ছিলেন।

## ডিপিডিসি'তে ৭ই মার্চ জাতীয় ঐতিহাসিক দিবস পালন



৭ই মাচ জাতীয় ঐতিহাসিক দিবস উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন

১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধু তাঁর কালজয়ী বজ্র কণ্ঠের ভাষণের মাধ্যমে বাঙালি জাতিকে স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত করেন। জাতির পিতার সেই ঐতিহাসিক ভাষণকে স্মরণ করতে প্রতি বছরের মতো এবারও ৭ই মার্চ তারিখকে 'জাতীয় ঐতিহাসিক দিবস' হিসেবে পালন করা হয়।

৭ই মার্চ পূর্বাহ্নে বিদ্যুৎ ভবনস্থ জাতির পিতার প্রতিকৃতিতে ডিপিডিসি'র পক্ষে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এর নেতৃত্বে উর্ধ্বতন কর্মকর্তাগণ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়াও ডিপিডিসি'র বঙ্গবন্ধু কর্ণারে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

## NSDI শীর্ষক প্রশিক্ষণে ডিপিডিসি'র কর্মকর্তার অর্জন



NSDI শীর্ষক প্রশিক্ষণে প্রথম স্থান অর্জন করেছেন ডিপিডিসি'র উপ-বিভাগীয় প্রকৌশলী বিপুল প্রসাদ রায়

Japan International Cooperation Agency (JICA) কর্তৃক আয়োজিত Counterpart Training under 'The Project for Establishment of National Spatial Data Infrastructure (NSDI) for Bangladesh' শীর্ষক প্রশিক্ষণে প্রথম স্থান অর্জন করেছেন ডিপিডিসি'র প্রধান প্রকৌশলী (উন্নয়ন) এর দপ্তরে কর্মরত উপ-বিভাগীয় প্রকৌশলী বিপুল প্রসাদ রায়। গত ২৮ ফেব্রুয়ারি হতে ১৪ মার্চ ২০২৩ পর্যন্ত জাপানে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, ইতোপূর্বে ২০-২৪ মার্চ ২০২২ তারিখে জাইকা কর্তৃক আয়োজিত ৫ দিনের কর্মশালায়ও বিপুল প্রসাদ রায় প্রথম স্থান অর্জন করেছিলেন। উক্ত কর্মশালায় বাংলাদেশের বিভিন্ন সংস্থায় কর্মরত ৬৫ জন অংশগ্রহণকারী যোগ দিয়েছিলেন। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে বিপুল প্রসাদ রায়-কে অভিনন্দন।



ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে 'ডিপিডিসি বুলেটিন'- প্রকাশের জন্য ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং সফ্টকপি নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

dgmhrpr@dpdc.org.bd

## ডিপিডিসি'তে জাতীয় শিশু দিবস উদযাপন



জাতীয় শিশু দিবসে উপলক্ষ্যে কেক কাটেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান ও উর্ধ্বতন কর্মকর্তাগণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে গত ১৭ মার্চ ডিপিডিসি'র উদ্যোগে নানা কর্মসূচি পালন করা হয়।

১৭ মার্চ পূর্বাহ্নে বিদ্যুৎ ভবনস্থ জাতির পিতার প্রতিকৃতিতে ডিপিডিসি'র পক্ষে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এর নেতৃত্বে উর্ধ্বতন কর্মকর্তাগণ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়াও ডিপিডিসি'র বঙ্গবন্ধু কর্ণারে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ এবং জন্মদিন উপলক্ষ্যে কেক কাটা হয়।

## ডিপিডিসি'র নির্বাহী পরিচালকগণের বিদায় সংবর্ধনা



নির্বাহী পরিচালকগণের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান

গত ৩০ ডিসেম্বর ২০২২ ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (অপারেশন্স) আবদুর রউফ খান এবং ২১ জানুয়ারি ২০২৩ নির্বাহী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) মোঃ গিয়াস উদ্দিন জোয়ার্দার চাকুরি থেকে অবসরগ্রহণ করেন। নির্বাহী পরিচালক-গণের বিদায় সংবর্ধনা ৩০ জানুয়ারি ২০২৩ তারিখে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত নির্বাহী পরিচালকগণের সুস্বাস্থ্য ও কল্যাণ কামনা করা হয়। ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।




## ডিপিডিসি'তে অগ্নি নির্বাপণ মহড়া ২০২৩ অনুষ্ঠিত




*'ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর' এর তত্ত্বাবধানে ডিপিডিসি'তে অগ্নি নির্বাপণ মহড়া আয়োজন*

অনাকাঙ্ক্ষিত অগ্নিকান্ডের কারণে জান-মালের ক্ষয়ক্ষতি রোধকল্পে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি)'তে নিয়োজিত এমপ্লয়িদেরকে অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের বিভিন্ন কলা কৌশল হাতে-কলমে শিক্ষা দানের জন্য গত ০৬ মার্চ ২০২৩ তারিখে ডিপিডিসি'র গ্রিড নর্থ-২ দপ্তরের নিয়ন্ত্রণাধীন তেজগাঁও ৩৩/১১ কেভি উপকেন্দ্রে 'ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর' এর তত্ত্বাবধান ও সহযোগিতায় একটি অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ মহড়াটি প্রত্যক্ষ করেন। মহড়া শেষে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান তাঁর বক্তব্যে অত্যন্ত সুন্দর এবং কার্যকর মহড়া অনুষ্ঠানের জন্য মহড়ার আয়োজক, সকল অংশগ্রহণকারী ও ফায়ার সার্ভিসের প্রতিনিধি দলকে বিশেষভাবে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে যাতে কোন অগ্নি দুর্ঘটনা না ঘটে এ ব্যাপারে ডিপিডিসি'র কর্মকর্তা-কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানান।

## ভূগর্ভস্থ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উদ্বোধন



*নবনির্মিত ভূগর্ভস্থ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উদ্বোধন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান*

গত ২৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে রাজধানীর জাহাঙ্গীরগেট থেকে বাংলামোটর পর্যন্ত নবনির্মিত ভূগর্ভস্থ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার শুভ উদ্বোধন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। "পাওয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম ডেভেলপমেন্ট প্রজেক্ট আন্ডার ডিপিডিসি এরিয়া" শীর্ষক প্রকল্পের আওতায় এই কাজ সম্পন্ন করা হয়েছে।

ভূগর্ভস্থ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নির্মাণের কাজটি চীনের ঠিকাদারী প্রতিষ্ঠান JV of CNTIC and SPTTC এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। আন্ডারগ্রাউন্ড কাজ বাস্তবায়নের ফলে প্রধান সড়কের উভয় পাশের স্থাপনাসমূহে অধিকতর নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (অর্থ) মো: গোলাম মোস্তফা, প্রধান প্রকৌশলী এবং প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও জেনারটেক ইন্টারন্যাশনাল হোল্ডিং-এর প্রেসিডেন্ট গাও ঝাঁ, সিএফও মিস লিউ চুনওয়েই, সিএনটিআইসি-এর ভাইস প্রেসিডেন্ট এবং প্রজেক্ট ম্যানেজার ঝাও ইউ উপস্থিত ছিলেন।

## ■ ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন ■


**সময়কাল: জানুয়ারি ২০২৩ থেকে এপ্রিল ২০২৩ পর্যন্ত**

| | |
|---|---|
| অভিযান সংখ্যা | ৫৯ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ৬৩ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ০৭ লক্ষ ২০ হাজার ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ০২ কোটি ৬৫ লক্ষ টাকা |
| আদায়কৃত পেনাল বিল | ১ কোটি ২৫ লক্ষ টাকা |
| মালামাল জব্দ | ৬১ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |



**জানুয়ারি- ২০২৩ থেকে এপ্রিল- ২০২৩ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :**

- মুগদাপাড়া দপ্তরের গ্রাহক নুরুল ইসলাম গং এর আবাসিক স্থাপনায় ২১.৯৬ লক্ষ টাকার পেনাল বিল।
- মুগদাপাড়া দপ্তরের গ্রাহক আব্দুল মজিদ ব্যাপারী এর আবাসিক স্থাপনায় ১৭.২৭ লক্ষ টাকার পেনাল বিল।
- নারিন্দা দপ্তরের গ্রাহক নাজমা বেগম এর আবাসিক স্থাপনায় ১১.৬৫ লক্ষ টাকার পেনাল বিল।
- কামরাঙ্গীরচর দপ্তরের গ্রাহক আরিফ প্লাস্টিক শিল্প স্থাপনায় ১১.৩০ লক্ষ টাকার পেনাল বিল।
- মগবাজার দপ্তরের গ্রাহক নুরুল হক এর আবাসিক স্থাপনায় ১০.৫১ লক্ষ টাকার পেনাল বিল।
- মগবাজার দপ্তরের গ্রাহক মোঃ আমিন উল্লাহ বেপারী এর আবাসিক স্থাপনায় এ ৯.১৫ লক্ষ টাকার পেনাল বিল।
- নারায়নগঞ্জ (পূর্ব) দপ্তরের গ্রাহক মা এন্টারপ্রাইজ অটোরিক্সা গ্যারেজে ৮.৩৯ লক্ষ টাকার পেনাল বিল।
- বনশ্রী দপ্তরের গ্রাহক মেঘু দেওয়ান এর আবাসিক স্থাপনায় ৮.১৭ লক্ষ টাকার পেনাল বিল।
- সিদ্ধিরগঞ্জ দপ্তরের গ্রাহক শাহিদা সুলতানা এর আবাসিক স্থাপনায় ৭.৮১ লক্ষ টাকার পেনাল বিল।



## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন



*আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ মিনারে ডিপিডিসি'র শ্রদ্ধাঞ্জলি*

একুশে ফেব্রুয়ারি পূর্বাহ্নে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে সকল ভাষা শহীদ ও ভাষা সৈনিকের প্রতি ডিপিডিসি'র পক্ষ হতে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## ডিপিডিসি'র নবনিযুক্ত নির্বাহী পরিচালকগণের যোগদান



*নবনিযুক্ত নির্বাহী পরিচালকবৃন্দকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান ব্যবস্থাপনা পরিচালক*

ডিপিডিসি'তে গত ৩০ এপ্রিল ২০২৩ তারিখে নির্বাহী পরিচালক (অপারেশন্স) পদে নির্বাহী পরিচালক (প্রকৌশল) পদে জনাব মোরশেদ আলম খান এবং জনাব এ.এইচ.এম মহিউদ্দিন পদে যোগদান করেন। নবনিযুক্ত নির্বাহী পরিচালকবৃন্দকে ডিপিডিসি পরিবারের পক্ষ হতে ফুল দিয়ে শুভেচ্ছা জানান ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান সহ অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



## হাতিরঝিলে আন্ডারগ্রাউন্ড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নির্মাণের উদ্বোধন

ঢাকা শহরকে বৈদ্যুতিক তারের জঞ্জাল থেকে মুক্ত এবং নিরবচ্ছিন্ন ও গুণগত বিদ্যুৎ সেবা প্রাদানের লক্ষ্যে ধানমন্ডির পর রাজধানীর হাতিরঝিল এলাকায় আন্ডারগ্রাউন্ড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নির্মাণ কাজ শুরু হয়েছে। গত ২১ মার্চ ২০২৩ তারিখে "ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরন" শীর্ষক প্রকল্পের আওতায় হাতিরঝিলে আন্ডারগ্রাউন্ড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নির্মাণের শুভ উদ্বোধন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।

আন্ডারগ্রাউন্ড ক্যাবল স্থাপনের ফলে একদিকে যেমন শহরের সৌন্দর্য বাড়বে, একইসাথে বিদ্যুতখাতের টেকনি-ক্যাল সিস্টেম লস আরো কমবে এবং সম্মানিত গ্রাহকরা পাবেন মানসম্মত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ।

## 'World Utility Summit-2023' ডিপিডিসি'র অংশগ্রহণ

২০-২১ ফেব্রুয়ারি ২০২৩-এ ভারতে অনুষ্ঠিত 'World Utility Summit-২০২৩' এ ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের নেতৃত্বে ডিপিডিসি অংশগ্রহণ করে। সামিটে আন্তর্জাতিক অংশীদারদের সামনে ডিপিডিসি'র বিভিন্ন কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হয়। যুক্তরাষ্ট্রের USAID এর অংশীদারিত্বে "Distribution Utilities of the Future: Advanced Technologies for Business Transformation" শীর্ষক অধিবেশনটি আয়োজিত হয়।

অধিবেশনে বিশেষজ্ঞ হিসেবে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান অংশগ্রহণ করেন। তিনি বলেন, ডিজিটালাইজেশনের দ্বারা ব্যবসায়িক রূপান্তরের মাধ্যমে 'ডিজিটাল ইউটিলিটি অফ দ্য ফিউচার' হয়ে ওঠা একটি ধারাবাহিক প্রক্রিয়া। তিনি আরো বলেন, ডিজিটাল কৌশল তৈরি করে পরিবর্তনকে আলিঙ্গন করার ইচ্ছা, নতুন প্রযুক্তিতে বিনিয়োগ করা এবং একটি গ্রাহককেন্দ্রিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করার মাধ্যমে সামনে এগিয়ে যাওয়ার লক্ষ্যে ডিপিডিসি কাজ করে চলেছে। অধিবেশনে বিভিন্ন দেশ থেকে শতাধিক প্রতিনিধিরা অংশগ্রহণ করেছেন।




*ভারতে অনুষ্ঠিত 'World Utility Summit-২০২৩' এ ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের নেতৃত্বে ডিপিডিসি অংশগ্রহণ করে*

**সম্পাদক : শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
**সহ-সম্পাদক : ইসতিয়াক আহমেদ**, এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি, **মোঃ মাজহারুল ইসলাম**, জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি, আলোকচিত্র: **কে এম দুলাল**, গ্রাফিক্স ডিজাইন : **সাকিবুল বাশার**।
ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯, Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।